

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২০.৫২

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৭

১৮ মে ২০২০

বিষয়: নতুন সরকারিকৃত কলেজের নন-এম.পি.ও শিক্ষক ও কর্মচারীদের বেতন প্রদান।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২৫.০০১.১৯.১৫৩ তারিখ-১১.০৫.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে জানানো হয়েছে যে, করোনা পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের নিকট থেকে টিউশন ফি আদায় করা যাচ্ছে না বিধায় নতুন সরকারিকৃত কলেজের নন-এম.পি.ও. শিক্ষক-কর্মচারীদের বেতন পরিশোধ সম্ভব হচ্ছে না। পর্যাপ্ত তহবিল না থাকার কারণে এফ.ডি.আর. নগদায়ন করে কিছু সরকারিকৃত কলেজের নন-এম.পি.ও. শিক্ষক-কর্মচারীদের বেতন পরিশোধের আবেদনের পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট কলেজের সাধারণ তহবিল থেকে অথবা প্রয়োজনে এফ.ডি.আর. নগদায়নের অনুমতি প্রদান করে নন-এম.পি.ও. শিক্ষক-কর্মচারীদের মূল বেতন পরিশোধের জন্য অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে নিম্নে বর্ণিত শর্তে নতুন সরকারিকৃত কলেজের নন-এম.পি.ও. শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানের সুবিধার্থে এফ.ডি.আর. নগদায়নের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

- ১। যদি সাধারণ তহবিলে অর্থ সংকুলান না হয়, তবেই কেবল স্থায়ী তহবিল (এফ.ডি.আর.) নগদায়ন করা যাবে;
- ২। যে সকল নন-এম.পি.ও. শিক্ষক-কর্মচারীবৃন্দ বর্তমানে কলেজ থেকে তহবিল স্বল্পতার কারণে বেতন পাচ্ছেন না তাদেরকে ০২(দুই) মাস অর্থাৎ এপ্রিল ও মে, ২০২০ মাসের শুধু মূল বেতন প্রদানের জন্য নগদায়নকৃত অর্থ ব্যয় করা যাবে;
- ৩। নিয়োগ নিষেধাজ্ঞা জারির অনতিপূর্বে গৃহীত কলেজ গভর্নিং বডি'র সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের মূল বেতন নির্ধারিত হবে;
- ৪। ভবিষ্যতে সরকারিকরণ সম্পন্ন হলে প্রদত্ত উক্ত অর্থ সমন্বয় করতে হবে।

১৮-৫-২০২০

মোঃ মঈনুল হাসান

উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২০.৫২/১

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৭

১৮ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

- ২) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) জেলা প্রশাসক,
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার,
- ৮) প্রদান হিসাবরক্ষণ কর্মকর্তা, , ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) জেলা শিক্ষা অফিসার,
- ১১) অধ্যক্ষ,
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৩) অফিস কপি।



১৮-৫-২০২০

মোঃ মঈনুল হাসান
উপসচিব